# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৩০

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

اَلْفصْلُ الثَّنِفْ (بَاب الْمَلَاحِمِ)

## আরবী

وَعَنْ رَجُلٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «دَعُوا الْحَبَشَةَ مَا وَدَعُوكُمْ وَاتْرُكُوا التُّرْكَ مَا تَرَكُوكُمْ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالنَّسَائِيّ

حسن ، رواہ ابوداؤد (4302) و النسائی (6 / 44 ح 3178 مطولاً) ۔
(صَحِيح)

## বাংলা

৫৪৩০-[২১] নবী (সা.)-এর জনৈক সাহাবী হতে বর্ণিত। তিনি বলেছেন, হাবশীদেরকে ততক্ষণ পর্যন্ত ছেড়ে রাখ, যতক্ষণ পর্যন্ত তারা তোমাদের ওপর আক্রমণ না করে। আর (অনুরূপভাবে) তুর্কীদেরকেও ছেড়ে রাখ, যে পর্যন্ত না তারা তোমাদের ওপর আক্রমণ করে। (আবূ দাউদ ও নাসায়ী)

## ফুটনোট

হাসান : আবূ দাউদ ৪৩০২, নাসায়ী ৩১৭৬, সিলসিলাতুস সহীহাহ্ ৭৭২, সহীহুল জামি ৩৩৮৪, আস সুনানুল কুবরা লিন নাসায়ী ৪৩৮৫, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯০৬৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : হাবশীদের সাথে যুদ্ধ পরিত্যাগ করার কারণ হলো, তাদের অসুবিধা অনেক কঠিন এবং তাদের ভূখণ্ডটি ঠাণ্ডা প্রধান অঞ্চল আর ‘আরব বাহিনী গরম প্রধান অঞ্চলের অধিবাসী বিধায় হাবশায় প্রবেশ করার বিষয়টি তাদের ওপর চাপানো হয়নি। কিন্তু যখন তারা জোরপূর্বক মুসলিম ভূখণ্ডে প্রবেশ করবে তখন কারো জন্য যুদ্ধ পরিত্যাগ করা বৈধ নয়। কেননা উক্ত অবস্থায় জিহাদ ফরযে আইন এবং প্রথম অবস্থায় তা ফরযে কিফায়াহ্।

(মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85408

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন